

# প্রেসিডেন্সি ইউনিভার্সিটির নতুন উপাচার্য ড. আব্দুল মান্নান চৌধুরী

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২১:৩১, ৩০ আগস্ট ২০২৩



ড. মো. আব্দুল মান্নান চৌধুরী।

প্রেসিডেন্সি ইউনিভার্সিটিতে উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ড. মো. আব্দুল মান্নান চৌধুরী। রাষ্ট্রপতির অনুমোদনক্রমে যোগদানের তারিখ হতে আগামী চার বছরের জন্য এই পদে নিয়োজিত থাকবেন তিনি।

বুধবার (৩০ আগস্ট) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে বিশ্ববিদ্যালয়টি।

অধ্যাপক ড. মো. আব্দুল মান্নান চৌধুরী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে পদার্থ বিজ্ঞানে ১৯৭৭ সালে বিএসসি এবং ১৯৭৮ সালে এমএসসি ডিগ্রি অর্জন করেন। তিনি সব পরীক্ষায় প্রথম শ্রেণিতে উত্তীর্ণ হন। ১৯৯৭ সালে ভারতের যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি ১৯৯৯-২০২২ সাল পর্যন্ত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন।

উল্লেখ্য, প্রেসিডেন্সি ইউনিভার্সিটির শিক্ষার্থী, শিক্ষক-শিক্ষিকা এবং সকল বিভাগের কর্মকর্তাবৃন্দের উপস্থিতিতে বুধবার (৩০ আগস্ট) সকালে নব-নিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো. আব্দুল মান্নান চৌধুরীকে বরণ করে নেয়া হয়।